

## কালের কণ্ঠ ২৪.০৯.১৭

### ✓ বছরে তিনটির বেশি অনুষ্ঠান নয় চট্টগ্রামের ডিসি হিলে ঝাড়ু হাতে পূর্তমন্ত্রী

নিজস্ব প্রতিবেদক, চট্টগ্রাম ▷

চট্টগ্রামের ডিসি হিল এলাকা পরিষ্কার-পরিচ্ছন্ন করতে ঘটাব্যাপী ঝাড়ু হাতে কাজ করেছেন গৃহায়ণ ও গণপূর্তমন্ত্রী ইঞ্জিনিয়ার মোশাররফ হোসেন। গতকাল শনিবার সকালে 'ইয়োগা প্রভাতী' নামের একটি সংগঠনের উদ্যোগে এ কর্মসূচির আয়োজন করা হয়। মন্ত্রীর সঙ্গে শতাধিক ব্যক্তি কর্মসূচিতে অংশ নেন। কর্মসূচির পর ডিসি হিলের হাঁটার পথ ও বসার জায়গাগুলো বেশ পরিচ্ছন্ন হয়েছে।

অনুষ্ঠানে মন্ত্রী বলেন, 'ডিসি হিলে বছরের বেশির ভাগ সময়ই নানা অনুষ্ঠানের আয়োজন করা হয়। এটা আমাদের আস্থার জায়গা। এটাকে নোংরা করে রাখা ঠিক নয়। তাই এখন থেকে ডিসি হিলে বছরের তিনটি অনুষ্ঠান হতে পারে। প্রথমটি পহেলা বৈশাখ। অন্য দুটি রবীন্দ্র ও নজরুলজয়ন্তী।'

সকালে ডিসি হিল এলাকায় হাঁটতে গিয়ে অন্য দিনের চেয়ে ব্যতিক্রমী দৃশ্য দেখতে পায় প্রাতঃস্রমণকারীরা। তারা দেখে, সকাল সাড়ে ৬টার দিকে একদল লোক সঙ্গে নিয়ে ঝাড়ু হাতে ডিসি হিল পরিষ্কার করছেন মন্ত্রী মোশাররফ হোসেন। ইয়োগা প্রভাতী সংগঠন 'পরিচ্ছন্নতা নিজেরাই করি, কারো জন্য অপেক্ষা নয়' শীর্ষক স্লোগানকে সামনে রেখে এই কর্মসূচির আয়োজন করে। সেখানে মন্ত্রী টি-শার্ট পরে, হাতে গ্লাভস পরে ঝাড়ু হাতে অংশ নেন। এই সময় মন্ত্রীর সঙ্গে ইয়োগা প্রভাতীর ১২০ সদস্য ছাড়াও কিছু শ্রমিক অংশ নেন।

চট্টগ্রাম জেলা আইনজীবী সমিতির সাবেক সাধারণ সম্পাদক আবদুর রশিদের সভাপতিত্বে অনুষ্ঠিত অনুষ্ঠানে অন্যদের মধ্যে উপস্থিত ছিলেন চট্টগ্রামে জেলা প্রশাসক জিহর রহমান চৌধুরী, চট্টগ্রাম মেডিক্যাল কলেজের মেডিসিন বিভাগের অধ্যাপক ডা. সুযত পাল প্রমুখ।

পরিষ্কার-পরিচ্ছন্নতা অভিযানের সময় মন্ত্রী রসিকতা করে আরো বলেন, 'সিটি করপোরেশনের হয়ে বিনা বেতনে কাজ করছি।' পরে মন্ত্রী পরিচ্ছন্নতার ওপর গুরুত্বারোপ করে বলেন, 'ঢাকার রমনা পার্কে নিয়মিত স্রাতঃস্রমণে বের হই। সেখানেও দেখি ময়লা-আবর্জনা। একদল লোক সেখানে ছিড় করে। ময়লা করে রাখে। পরে সেখানে পরিষ্কার করা হয়েছে। আগে বছরে রমনা পার্কে প্রায় ৩৫টি মেলা হতো। এখন একটি করা হয়েছে।'

ডিসি হিলকে পরিচ্ছন্ন রাখতে সেখানকার ফলের দোকান মালিকদের বিশেষ নির্দেশনা দিয়েছেন মন্ত্রী। একই সঙ্গে ১০০টি ডাস্টবিন করে দেওয়ার ঘোষণা দেন। পাশাপাশি গণপূর্ত মন্ত্রণালয় থেকেও প্রকল্পের মাধ্যমে সৌন্দর্যবর্ধনের উদ্যোগ নেওয়া হবে বলে জানান।

কর্মসূচির একপর্যায়ে মন্ত্রী পাঁচটি চারাগাছ রোপণ করেন। পরে বক্তব্য দেন কর্মসূচির অন্যতম উদ্যোক্তা চট্টগ্রাম মেডিক্যাল কলেজের অধ্যাপক ও মেডিসিন বিশেষজ্ঞ সুযত পাল। তিনি বলেন, 'পরিষ্কার-পরিচ্ছন্ন না হলে স্বাস্থ্য সূন্দর হবেনা। এ জন্যই আমাদের এই উদ্যোগ।'